

জনসংযোগ অফিস
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
সাভার, ঢাকা, বাংলাদেশ
ফোন: ৭৭৯১০৪৫-৫১



Public Relations Office
Jahangirnagar University
Savar Dhaka Bangladesh
Phone: +88027791045-51

প্রেস বিজ্ঞপ্তি

জাবিতে কাবুল বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ২৪ এপ্রিল ২০১৯।

আফগানিস্তানের কাবুল বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর অধ্যাপক হামিদুল্লাহ ফারুকীর নেতৃত্বে একটি প্রতিনিধি দল আজ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করে। বিশ্বব্যাংকের দুজন প্রতিনিধিও তাঁদের সঙ্গে ছিলেন। বেলা সাড়ে দশটায় নতুন প্রশাসনিক ভবনের কাউন্সিল কক্ষে সৌজন্য সাক্ষাৎকালে প্রতিনিধি দল জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা সম্পর্কে জানতে আগ্রহ ব্যক্ত করে। বিশ্বব্যাংকের আর্থিক সহায়তায় পরিচালিত ‘হায়ার এডুকেশন এক্সেলারেশন এ্যান্ড ট্রান্সফরমেশন প্রকল্পের’ আওতায় প্রতিনিধি দল কাবুল ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের দ্বি-পাক্ষিক শিক্ষা ও গবেষণা সহযোগিতার সম্ভাবনার বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. আমির হোসেন প্রতিনিধি দলকে স্বাগত জানান এবং জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণার প্রতি কাবুল বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধিগণ আগ্রহ ব্যক্ত করায় তাঁদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মো. নূরুল আলম ও কোষাধ্যক্ষ অধ্যাপক শেখ মো. মনজুরুল হক। এ সময় আইকিএসির পরিচালক অধ্যাপক ড. মোহাম্মদ মোস্তফা ফিরোজ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণার সংক্ষিপ্ত পরিচিতিমূলক ভিডিও প্রদর্শন করেন। অনুষ্ঠানে কলা ও মানবিকী অনুষদের ডিন অধ্যাপক ড. মো. মোজাম্মেল হক, সমাজবিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. রাশেদা আখতার, জীববিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. আবদুল জব্বার হাওলাদার, বিজনেস স্টাডিজ অনুষদের ডিন নীলাঞ্জন কুমার সাহা, আইন অনুষদের ডিন অধ্যাপক বশির আহমেদ প্রমুখ স্ব স্ব অনুষদের শিক্ষা ও গবেষণা কার্যক্রমের অগ্রগতির তথ্য তুলে ধরেন।

এছাড়া রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) রহিমা কানিজ, ওয়াজেদ মিয়া বিজ্ঞান গবেষণা কেন্দ্রের পরিচালক অধ্যাপক ড. এ এ মামুন, পরিবেশ বিজ্ঞান বিভাগের সভাপতি অধ্যাপক ড. মোহাম্মদ আমির হোসেন ভূঁইয়া, কেন্দ্রীয় গ্রন্থাগারের ভারপ্রাপ্ত শিক্ষক অধ্যাপক ড. মুহম্মদ হানিফ আলী প্রমুখ উপস্থিত ছিলেন। সৌজন্য সাক্ষাৎ শেষে প্রতিনিধি দল ওয়াজেদ মিয়া বিজ্ঞান গবেষণা কেন্দ্র ও পানি শোধনাগার পরিদর্শন করেন।

আফগান প্রতিনিধি দলে আরো যারা ছিলেন তারা হলেন, এহসানউল্লাহ ওসমানী (ফ্যাকাল্টি মেম্বর, কাবুল বিশ্ববিদ্যালয়), তাফশিরা হাশেমি, (ফ্যাকাল্টি মেম্বর, কাবুল বিশ্ববিদ্যালয়), আহমদ নূর দারউস (পরিচালক, উচ্চশিক্ষা প্রকল্প, আফগানিস্তান) ও আহমদ খলিল সাদাত (সচিব, আফগান এ্যাম্বেসি, ঢাকা)। বিশ্বব্যাংক প্রতিনিধি দলে ছিলেন এম আসাহবুর রহমান (প্রকল্প বাস্তবায়ন বিশেষজ্ঞ) ও মুসতাসিন উল আজিজ (অপারেশনস এনালিস্ট)।

পরিচালক (ভারপ্রাপ্ত)
জনসংযোগ অফিস